গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
*প্রকৌশলী ও জাহাজ জরিপকারকের কার্যালয়*
সদরঘাট টার্মিনাল ভবন (২য় তলা)
ঢাকা-১১০০।

...এস/ঢা/০৭/০৪/ তারিখঃ ২৮.০৮.২০০৭ খ্রিঃ

Registration ন:-

# বিজ্ঞপ্তি

...তদ্বারা নৌযান রেজিষ্ট্রেশন করণের (নতুন/রূপান্তরকরণ) নিমিত্তে মালিকদের দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয় হতে সহজে এবং ...ষ্ঠান প্রদানের কার্যক্রম গ্রহন করা হয়েছে। সে লক্ষ্যে নৌযান (নতুন/রূপান্তরকরণ) রেজিষ্ট্রেশনের জন্য নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদনের সাথে তথ্যাদি এবং ডকুমেন্টসমূহ জমা প্রদান করতে হবে।

(নতুন/রূপান্তরকরণ) রেজিষ্ট্রেশনের নিমিত্তে অত্র কার্যালয় বরাবরে নিজ কোম্পানীর প্যাডে মালিকের আবেদন পত্র (দুই সেট)।

যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নকশা ও নকশা অনুমোদনের ফরওয়ার্ডিং অনুমোদনপত্র।

সমুদ্র পরিবহন অধিদপ্তর কর্তৃক প্রদানকৃত (নতুন/রূপান্তরকরণ) সংক্রান্ত নির্মাণ সিডিউল এর অনুমোদন পত্র।

নতুন নৌযান রেজিষ্ট্রেশনের ক্ষেত্রে সমুদ্র পরিবহন অধিদপ্তর কর্তৃক প্রদানকৃত নতুন নামকরণের অনাপত্তি ছাড়পত্র।

সরকারী প্যানেল সুপারভাইজার মেম্বার কর্তৃক প্রদত্ত এবং মালিক কর্তৃক স্বাক্ষরিত নৌযান (নতুন/রূপান্তর করন) নির্মান সংক্রান্ত বার চার্ট অব কন্‌ষ্ট্রাকশন (দুই সেট)।

সমুদ্র পরিবহন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত এবং মালিক কর্তৃক স্বাক্ষরিত যথাযথভাবে পূরনকৃত ১৫টি তথ্যের (নতুন/রূপান্তর করন) সংক্রান্ত রেজিষ্ট্রেশন ফরম (দুই সেট)।

ইনক্লাইনিং এক্সপেরিমেন্ট রিপোর্ট (সরকারী সার্ভেয়ারের উপস্থিতিতে সম্পন্ন করতে হবে) এবং তৎপূর্বে সরকারী প্যানেল সুপারভাইজার মেম্বারকে পত্র মারফত সার্ভে অফিসকে অবহিত করতে হবে।

প্রত্যেক মালিকের নাগরিকত্ব সনদপত্র (জাতীয়তার প্রত্যয়ণপত্র) এবং সাম্প্রতিক সময়ের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

সমুদ্র পরিবহন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ডকইয়ার্ডে (নতুন/রূপান্তর) সংক্রান্ত ডকিং সার্টিফিকেট (নতুন/রূপান্তরের সময় উল্লেখ সহকারে) দুই সেট এবং সমুদ্র পরিবহন অধিদপ্তরের ডকইয়ার্ড সংক্রান্ত অনাপত্তি (N.O.C.) ছাড়পত্রের কপি (দুই সেট)। [ডকিং সার্টিফিকেটের নমুনা অপর পাতায় দ্রষ্টব্য]

ইঞ্জিনের বিস্তারিত বিবরন (ইঞ্জিন নং, অশ্বশক্তি/বিএইচপি এবং সিলিন্ডার) উল্লেখ সহকারে ক্যাশমেমো এবং ইঞ্জিনের মূল ক্যাটালগ।

নির্মান তদারকীর প্রত্যয়নপত্র এবং লোড লাইন মার্ক প্রত্যয়নপত্র। [সরকারী প্যানেল সুপারভাইজার মেম্বার কর্তৃক প্রদত্ত]

মূল ষ্ট্যাবিলিটি বুকলেট এবং সার্টিফিকেট অব কমপ্লায়েন্স। [সরকারী প্যানেল সুপারভাইজার মেম্বার কর্তৃক প্রদত্ত]

(নতুন/রূপান্তর) সংক্রান্ত সরকারী রেজিষ্ট্রেশন ফি জমা (গ্রস টনেজ অনুযায়ী) এবং ঢাকা ট্রেজারী থেকে সত্যতা যাচাইকৃত উক্ত ট্রেজারী চালানের মূল কপি (C.T.R.) কোড নং- ১/৫২৩৪/০০০০/১৮২১।

নির্মান সিডিউল অনুমোদন সংক্রান্ত সরকারী বিলম্ব ফি (প্রযোজ্য ক্ষেত্রে) জমা এবং ঢাকা ট্রেজারী থেকে সত্যতা যাচাইকৃত উক্ত ট্রেজারী চালানের মূলকপি (C.T.R.) কোড নং ১/৫২৩৪/০০০০/১৯০১।

সর্বশেষ জারীকৃত মূল রেজিষ্ট্রেশন সার্টিফিকেট/অস্থায়ী মূল রেজিষ্ট্রেশন পারমিট (রূপান্তর করণের ক্ষেত্রে) [সার্টিফিকেট না পাওয়া বা হারানো গেলে (ক) কোম্পানী প্যাডে দাখিলকৃত থানার সাধারণ ডায়েরী (জি.ডি)'র মূল কপি (খ) ১,৩৭৫/- টাকার সরকারী ডুপ্লিকেট রেজিষ্ট্রেশন ফি জমা এবং ঢাকা ট্রেজারী থেকে সত্যতা যাচাইকৃত উক্ত মূল ট্রেজারী চালানের মূল কপি (C.T.R.) (কোড নং-১/৫২৩৪/০০০০/১৮২১) এবং (গ) দৈনিক পত্রিকায় প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির মূল কপি।

সকল পরিচালক মন্ডলীর স্বাক্ষরকৃত মেমোরেন্ডাম অব আর্টিকেলস অব এসোসিয়েশন বই এবং সংশোধিত পরিচালক মন্ডলীর তালিকা ফরম-১২ (প্রযোজ্য ক্ষেত্রে)।

সমুদ্র পরিবহণ অধিদপ্তর, ঢাকার নির্দেশনা মোতাবেক নৌযানের রেজিষ্ট্রেশন নম্বর ওয়েল্ডিং / খোদাই করে (নির্ধারিত পরিমাপে) নৌযানের নির্দিষ্ট স্থান সমূহে স্থাপনের প্রমান স্বরূপ ০৪ (চার) কপি রঙ্গীন ছবি দাখিল করতে হবে।

যথাযথভাবে পূরণকৃত এবং মালিক ও মাষ্টার কর্তৃক স্বাক্ষরিত সমুদ্র পরিবহন অধিদপ্তরের নির্ধারিত ০৩ পাতার এবং সার্ভে কার্যালয়ের নির্ধারিত ০১ পাতার সার্ভে আবেদনপত্র।

বাৎসরিক সরকারী সার্ভে ফি জমা (গ্রস টনেজ অনুযায়ী) এবং ঢাকা ট্রেজারী থেকে সত্যতা যাচাইকৃত উক্ত ট্রেজারী চালানের মূলকপি (C.T.R.) কোড নং ১/৫২৩৪/০০০০/২০১৯।

মাষ্টারের স্বাক্ষরসহ মূল সনদপত্র (এনডোর্সমেন্ট করার জন্য) অত্র কার্যালয়ে নির্ধারিত পোষাক পরিধান করে উপস্থিত হওয়া এবং সার্টিফিকেটের এক সেট ফটোকপি।

ড্রাইভারের স্বাক্ষরসহ মূল সনদপত্র (এনডোর্সমেন্ট করার জন্য) অত্র কার্যালয়ে নির্ধারিত পোষাক পরিধান করে উপস্থিত হওয়া এবং সার্টিফিকেটের এক সেট ফটোকপি।

কোম্পানীর প্যাডে এবং মালিক কর্তৃক স্বাক্ষরিত (প্রত্যেক স্টাফের নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা উল্লেখ সহকারে) জাহাজের নিরাপদ নাবিক সংখ্যা সনদপত্র। [নৌ-যানের প্রত্যেক ষ্টাফ-কে মালিক কর্তৃক নাবিক-দের জন্য নির্ধারিত পোষাক প্রদান করতে হবে]

সর্বশেষ প্রাপ্ত সার্ভে পর্যবেক্ষণ প্রত্যায়ন পত্রের মূল ০২ (দুই) কপি। [রূপান্তর করণের ক্ষেত্রে]

হালনাগাদ পরিশোধিত কনজারভেন্সী মানি রশিদ ও ছাড়পত্রের সত্যায়িত কপি। [রূপান্তর করণের ক্ষেত্রে]

হালনাগাদ পরিশোধিত যাত্রী কল্যান ট্রাস্ট ফান্ডের চাঁদা জমা রশিদের সত্যায়িত কপি। [রূপান্তর করণ ও প্রযোজ্য ক্ষেত্রে]

হালনাগাদ নবায়নকৃত মালিক সমিতির সদস্য সনদ পত্রের কপি। [রূপান্তর করণের ক্ষেত্রে]

উপরোল্লিখিত তথ্যাদি সহকারে আবেদন করা হলেই কেবল নৌযান সরেজমিনে রেজিষ্ট্রেশন সার্ভে করা হবে। সার্ভে সম্পন্ন হওয়ার পর অত্র কার্যালয় ...র্তী সকল কার্যক্রম গ্রহন করে ভ্যাট প্রদান সংক্রান্ত ছাড়পত্র সম্পর্কে পত্র প্রেরণ করা হবে।

উক্ত পত্রের প্রেক্ষিতে অনুমিত আয়কর ছাড়পত্র (পে-অর্ডার/ট্রেজারী চালান গ্রহনযোগ্য নয়) ও ভ্যাট পরিশোধ সংক্রান্ত ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে নতুন/রূপান্তরকরণ) সংক্রান্ত অস্থায়ী রেজিষ্ট্রেশন পারমিট প্রদান করা হবে।

অস্থায়ী রেজিষ্ট্রেশন পারমিট প্রদানের তারিখ হতে দুই (০২) মাস পর মালিকের কোম্পানীর প্যাডে পুনঃ আবেদনের প্রেক্ষিতে পূর্বে প্রদত্ত মূল অস্থায়ী পারমিট-টি ফেরত গ্রহন করে [অস্থায়ী মূল রেজিষ্ট্রেশন পারমিট না পাওয়া বা হারানো গেলে (ক) কোম্পানী প্যাডে দাখিলকৃত থানার সাধারণ ...ডি)'র মূল কপি (খ) ১,৩৭৫/- টাকার সরকারী ডুপ্লিকেট রেজিষ্ট্রেশন ফি জমা এবং ঢাকা ট্রেজারী থেকে সত্যতা যাচাইকৃত উক্ত মূল ট্রেজারী ...ল কপি (C.T.R.) (কোড নং-১/৫২৩৪/০০০০/১৮২১) এবং (গ) দৈনিক পত্রিকায় প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির মূল কপি] মূল স্থায়ী রেজিষ্ট্রেশন ...প্রদান করা হবে।

...উপরোক্ত বর্ণিত নিয়ম অনুসরন করে সংশ্লিষ্ট সকলে সহজে নৌযানের (নতুন/রূপান্তরকরণ) সংক্রান্ত রেজিষ্ট্রেশন লাভ করতে পারবেন। আর এ লক্ষ্যে ...আপনাদের সহযোগীতা কামনা করা যাচ্ছে।

...৯৫৬৮৪৪
...৯৩৪৪৮৯।

প্রকৌশলী ও জাহাজ জরিপকারক
এবং
অভ্যন্তরীণ নৌযান রেজিষ্ট্রার, সদরঘাট, ঢাকা।
ফোন নং- ০২/৭১১০৮৯৩